গোপীনাথ জুয়েলার্স
সেন্ট্রাল রোড, শিলচর-১
☎ ০৩৮৪২-২৬৩৪৩২

স্বতন্ত্র ধারার দৈনিক
সাময়িক প্রসঙ্গ

Jeevan Jyoti Institute of Medical Sciences
First 300 bedded Multi-Specialty Hospital in Southern Assam
Services available :
•OPD •PHARMACY • ALL DIAGNOSTICS
Address: Meherpur, Silchar, Cachar, Assam
For Appointment Call us on : + 91-6002070775
E-mail: jeevanjyoti@healthcare.in
Appointments are available via www.quickobook.com

ত্রিচত্বারিংশৎ বর্ষ ◻ সংখ্যা ৩৬ | শিলচর ◻ বৃহস্পতিবার ◻ ২১ মে ২০২০ খ্রিস্টাব্দ ◻ ৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ ◻ ২৭ রমজান ১৪৪১ হিজরি ◻ ১২ পাতা ◻ আট টাকা | www.samayikprasanga.in

করোনা কাউন্ট

অসম	
আক্রান্ত	১৮৯
সুস্থ	৪৯
মৃত	০৪
ভারত	
আক্রান্ত	১,১২,০২৮
সুস্থ	৪৫,৪২২
মৃত	৩,৪৩৪
২৪ ঘণ্টায় আক্রান্ত ৫৫৪৭	
দুনিয়া	
আক্রান্ত	৫০,৪৫,৪৬৭
সুস্থ	১৯,৯৯,৭৩৪
মৃত	৩,২৭,৪৬২

আমফানের তাণ্ডবে লণ্ডভণ্ড কলকাতা, জেলাও

বিধ্বস্ত প্রায় ২৪ পরগণা, মেদিনীপুর, রাতভর চলল ধ্বংসলীলা, উদ্বিগ্ন মমতা

কলকাতা, ২০ মে : দুরন্ত ঝড় আমফানের তাণ্ডবে বাংলার রাজধানী কলকাতা সহ ২৪ পরগণা ও পার্শ্ববর্তী জেলাগুলো বিধ্বস্ত প্রায়। বুধবার সন্ধ্যা থেকে মারাত্মক ঝড় ১৫৫ থেকে ১৬৫ কিলোমিটার বেগে বয়ে যায়। একসময় ঝড়ের গতিবেগ ঘণ্টায় ১৮৫ কিলোমিটার দাঁড়ায়। এর জেরে লণ্ডভণ্ড হয়ে যায় কলকাতা সহ দুই ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুর, হাওড়া, হুগলি এবং পশ্চিম মেদিনীপুরের অবস্থাও ভয়াবহ রূপ নিয়েছে। হাজার হাজার বাড়ি-ঘর, দোকানপাট নজিরবিহীনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

উপকূলে আছড়ে পড়ার আগেই কলকাতায় তাণ্ডব শুরু করে প্রবল ঘূর্ণিঝড় আমফান। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, সন্ধে ৭টা বেজে ২০ মিনিটে কলকাতায় (দমদম) ঝড়ের গতিবেগ ছিল ঘণ্টায় ১৩৩ কিলোমিটার। কলকাতা পুলিশ সূত্রে খবর, শহরের অন্তত ৩০টি জায়গায় গাছ ভেঙে পড়েছে। এ ছাড়া একাধিক পোস্ট ভেঙে পড়ার খবরও পাওয়া গিয়েছে শহরের বিভিন্ন প্রান্ত থেকে।

ঘূর্ণিঝড় আমফানের তাণ্ডবে মৃত্যু হয়েছে অন্ততপক্ষে ১২ জনের। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এ তথ্য জানিয়েছেন। হাওড়ার শালিমারে ১ কিশোরীর মাথায় টিন পড়ে মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। ঝড়ের আগে থেকেই শহরের সব ফ্লাইওভার বন্ধ করে দেওয়া হয়েছিল। অন্যদিকে, গাছ পড়ার সঙ্গে সঙ্গেই সেগুলি সরানোর কাজও শুরু হয়। ঝড়ের সঙ্গে শহরজুড়ে চলে তুমুল বৃষ্টি। এতে বহু এলাকা প্লাবিত হয়েছে।

ইতিমধ্যে যা খবর পাওয়া যাচ্ছে, কচুবেরিয়ার জেটি সম্পূর্ণভাবে ভেঙে গেছে। কাকদ্বীপ, কৈখালি, কুলতলি, পাথরপ্রতিমায় একের পর এক বাঁধ ভেঙে পড়েছে। বানভাসী হতে চলেছে বহু গ্রাম। ব্যাপক ক্ষতিগ্রস্ত বেশ কিছু এলাকার কাঁচা বাড়ি।

আমফানের তাণ্ডবে বিপর্যস্ত পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতা মহানগরী। বুধবার।

সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে গোসাবার ১৪টি গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে এখনও পর্যন্ত ৫০ হাজার মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে এনেছে প্রশাসন। এ ছাড়া কুলতলি থেকে ১০ হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে বলে প্রশাসনিক সূত্রে খবর।

এই পরিস্থিতিতে নবান্ন থেকে বিপজ্জনক এলাকায় বিদ্যুৎ বিচ্ছিন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে। বিদ্যুৎ দফতর থেকেও দুই ২৪ পরগণার বেশ কিছু জায়গায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন রাখার নির্দেশ দিয়েছে। কলকাতার অবস্থাও ভাল না। দিকেদিকে ভেঙে পড়েছে গাছ, ট্রাফিক সিগন্যাল। কলকাতার সমস্ত ফ্লাইওভার বন্ধ করে দিয়েছে প্রশাসন। আমফানের প্রভাবে জলের তোড়ে ভেসে গিয়েছে হাওড়া ফেরিঘাট।

এদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছেন, আমফানের তাণ্ডবে 'রাজ্যের সর্বনাশ হয়ে গেছে', দুই ২৪ পরগণায় আমফানের তাণ্ডবলীলা নিয়ে বলতে বসে বারবার এই কথাটিই বেরিয়ে আসে তাঁর মুখ থেকে। বুধবার রাত ৯টা নাগাদ নবান্নে সাংবাদিকদের মুখোমুখি হন তিনি। শুরুতেই বলেন, 'দুই ২৪ পরগণা ধ্বংস হয়ে গিয়েছে... বাড়িঘর, নদীবাঁধ ভেঙে গিয়েছে, ক্ষেত ভেসে গিয়েছে।' তখনও পর্যন্ত ১০ থেকে ১২ জনের মৃত্যুর খবর এসেছে নবান্নে, জানান মুখ্যমন্ত্রী।

সারাদিনই নবান্নের কন্ট্রোল রুম থেকে ঝড়ের গতিপ্রকৃতির খোঁজখবর রাখছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী জানান, পাথরপ্রতিমা, নামখানা, বাসন্তী, কুলতলি, বারুইপুর, সোনারপুর, ভাঙড় থেকে যা খবর এসেছে তা ভয়াবহ। খারাপ খবর উত্তর ২৪ পরগণা থেকেও। তবে ক্ষয়ক্ষতি কতটা হয়েছে, সেই সংক্রান্ত সবিস্তার তথ্য পেতে ৩-৪দিন লেগে যাবে বলে জানান তিনি।

এরপর ছয়ের পাতায়

করোনা শ্মশান

স্টাফ রিপোর্টার, গুয়াহাটি, ২০ মে : রাজ্যে দ্রুতহারে বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা। স্বভাবতই বাড়ছে করোনায় মৃত্যুর আশঙ্কাও। এর পরিপ্রেক্ষিতে প্রতিটি জেলায় একটি করে আলাদা শ্মশান এবং গোরস্থান তৈরি হচ্ছে। শুধু করোনায় মৃত্যু হওয়া লোকদের সৎকারের জন্যই এই ব্যবস্থা। বুধবার রাজ্যের প্রত্যেক জেলাশাসককে নির্দেশ দিয়ে আলাদা শ্মশান এবং গোরস্থান প্রস্তুত করে তোলার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে স্বাস্থ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা জানান, করোনা আক্রান্তের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় সোনাপুর এবং কালাপাহাড়ের আইডিএসপি হাসপাতালকে সম্পূর্ণভাবে কোভিড হাসপাতাল করা হয়েছে। একইসঙ্গে হিমন্ত বলেছেন, যেভাবে আক্রান্ত বাড়ছে তার প্রেক্ষিতে শুধুই কোভিড রোগীদের জন্য আলাদা হাসপাতালের ব্যবস্থা করতেই হবে। তিনি জানান, সোনাপুরে ৮০ এবং কালাপাহাড়ের হাসপাতালে ১৪০ জন করোনা আক্রান্তকে রাখা যাবে।

করোনা মুক্ত হলেও মেয়ের জন্য হাসপাতালে থেকে যেতে হল বেবিকে

পশ্চিমবঙ্গ থেকে তিন 'করোনা পজিটিভ' ব্যক্তি শিলচরে! ভর্তি মেডিক্যাল কলেজে

বিশ্বজিৎ দত্ত

শিলচর, ২০ মে : পশ্চিমবঙ্গ থেকে আসা তিন ব্যক্তিকে ঘিরে আলোড়ন সৃষ্টি হয়েছে কাছাড়ের স্বাস্থ্য বিভাগে। এই তিনজনই কাছাড়ের বাসিন্দা। এদের চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে মেডিক্যাল কলেজ হাসপাতালে। এরা করোনা আক্রান্ত বলে খবর।

জানা গেছে, এই তিনজন নূরুল হক ধলাই রাখারটিলা, খলিল উদ্দিন, সোনাই সুন্দরী এবং রমিজ আলি ধলাই নন্দগ্রামের বাসিন্দা। এরা বুধবারই এসে পৌঁছেছেন শিলচরে।

খবর অনুযায়ী, এদিন সকালে তিনজন রামনগর আইএসবিটিতে পৌঁছান। এরপর লালারসের নমুনা সংগ্রহ করে তিনজনকে পাঠানো হয় নেট্রিপ কোয়ারেন্টিন সেন্টারে। কিছুক্ষণ পরই খবর আসে পশ্চিমবঙ্গে নাকি তিনজনের লালারসের নমুনা পরীক্ষার রেজাল্ট এসেছে পজিটিভ। এরপর সঙ্গে সঙ্গেই তিনজনকে নেট্রিপ থেকে নিয়ে ভর্তি করানো হয় মেডিক্যাল কলেজ হাসপাতালে।

স্বাস্থ্য বিভাগের এক সূত্র জানান, শিলচরে তিনজনের যে নমুনা সংগ্রহ করা হয়েছে তার রেজাল্ট এখনও আসেনি। তবে আইসিএমআর-এর ওয়েবসাইটে দেখা গেছে পশ্চিমবঙ্গে তিনজনের রেজাল্ট এসেছে পজিটিভ।

এরপর ছয়ের পাতায়

মুম্বই ফেরত আরও ১ পজিটিভ

নিজস্ব প্রতিনিধি, শিলচর, ২০ মে : সংক্রমণ মুক্ত হলেন শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন চারজন। এরমধ্যে বুধবার রিলিজ করা হয়েছে তিনজনকে। ইতিবাচক এই অধ্যায়ের পাশাপাশি আবার এদিনই মুম্বই থেকে আসা একজনের টেস্টের রেজাল্ট এসেছে নেগেটিভ। আবুল হোসেন (২৪) নামে ওই ব্যক্তি করিমগঞ্জ

এরপর ছয়ের পাতায়

পরিস্থিতি জটিল হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

রাজ্যে একদিনে আক্রান্ত ২৮

নিজস্ব প্রতিনিধি, গুয়াহাটি, ২০ মে : না, থামছে না। সময় যত গড়াচ্ছে, রাজ্যে করোনা আক্রান্তের সংখ্যা বেড়েই চলেছে। বুধবার নতুন করে ২৮ জনের শরীরে ধরা পড়েছে করোনা ভাইরাস। ফলে করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৮৫-এ। যার মধ্যে ১৩০ জন বর্তমানে রাজ্যের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন।

টুইট করে এদিন একথা জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা। তিনি জানান, নতুন করে যারা আক্রান্ত হয়েছেন, তাদের মধ্যে হোজাইয়ের ৮ জন, শোণিতপুরের ২ জন ছাড়াও কামরূপ (মেট্রো), কামরূপ (গ্রামীণ) এবং নগাঁওয়ের রয়েছেন একেকজন করে। আবার রাতে টুইট করে স্বাস্থ্যমন্ত্রী জানান, করিমগঞ্জে একজন আক্রান্ত হয়েছেন। ফের অন্য এক টুইটে স্বাস্থ্যমন্ত্রী জানান, গুয়াহাটির সরুসজাই কোয়ারেন্টিনে থাকা আরও ১৪ জন আক্রান্ত হয়েছেন।

অন্যদিকে সাংবাদিকদের হিমন্ত জানান, আগামী একমাস খুব চ্যালেঞ্জের। কেননা আগে আন্তঃরাজ্য ট্রেন চলাচলে দুই রাজ্যের অনুমতির

এরপর ছয়ের পাতায়

পরীক্ষাকে ছাড়

নয়াদিল্লি, ২০ মে : লকডাউনের নিষেধাজ্ঞা থেকে দশম ও দ্বাদশ শ্রেণির পরীক্ষাকে ছাড় দেওয়া হয়েছে। তাই এই পরীক্ষাগুলি নেওয়া যাবে। বুধবার এমনটাই জানালেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি জানিয়েছেন, পরীক্ষার জন্য বিশেষ বাসের ব্যবস্থা করবে সংশ্লিষ্ট রাজ্য সরকার। তিনি টুইট করে জানান, 'বিরাট সংখ্যক পড়ুয়াদের পঠন-পাঠনের পরিস্থিতির দিকে তাকিয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, দশম ও দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষাকে লকডাউনের নিষেধাজ্ঞার বাইরে রাখার।' তবে পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট অন্যান্যদের কেন কিছু শর্ত মেনে চলার কথাও জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। বলেন, সামাজিক দূরত্ব বজায় রাখা, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা ও মাস্ক পরার মত সাবধানতা অবলম্বন করতে হবে সবাইকে। এটা

এরপর ছয়ের পাতায়

'কা' নিয়ে জনস্বার্থ মামলায় কেন্দ্রকে নোটিশ সুপ্রিমের

মধুসূদন সিকদার

নয়াদিল্লি, ২০ মে : নাগরিকত্ব সংশোধনী আইনের বৈধতাকে নিয়ে কেন্দ্রের নরেন্দ্র মোদি সরকারের বক্তব্য জানতে চেয়ে নোটিশ জারি করল সুপ্রিম কোর্ট। নাগরিকত্ব (সংশোধন) আইন, ২০১৪-এর সাংবিধানিক বৈধতা চ্যালেঞ্জ করে পাঁচটি নতুন আবেদন জমা পড়েছিল সুপ্রিম কোর্টে। সংবিধানের ধর্মনিরপেক্ষতা ও সাম্য বিরোধী ওই আইনের প্রধান উদ্দেশ্যই হল নাগরিকত্ব অধিকার থেকে মুসলিমদের বঞ্চিত করা। মামলাকারীরা কেন্দ্রের বিরুদ্ধে এই অভিযোগ তুলেছে।

বুধবার ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে প্রধান বিচারপতি এস এ বোবদে, বিচারপতি এ এস বোপান্না ও বিচারপতি হৃষিকেশ রায়কে নিয়ে গঠিত বেঞ্চ তামিলনাড়ুর থাণ্ডয়েন জামাত, সালিম, অল অসম ল' সুডেন্ট ইউনিয়ন, অসমের মুসলিম সুডেন্ট ফেডারেশন এবং শচীন যাদবের আবেদনের ভিত্তিতে শুনানি গ্রহণ করে। নাগরিকত্ব সংক্রান্ত ইস্যুতে এই জনস্বার্থ মামলা এর আগেকার

এরপর ছয়ের পাতায়

পরিমলকে ডিহিং পাটকাই যেতে মুখ্যমন্ত্রীর নির্দেশ

নিজস্ব প্রতিনিধি, গুয়াহাটি, ২০ মে : উজান অসমের ডিহিং পাটকাই বন্যপ্রাণী অভয়ারণ্যে কয়লা খনন নিয়ে তীব্র আপত্তি উঠায় পরিস্থিতি সরেজমিনে দেখতে বন ও পরিবেশ মন্ত্রী পরিমল শুক্লবৈদ্যকে ঘটনাস্থলে যাওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল। ওখানে পরিস্থিতি দেখে একটি প্রতিবেদন পেশ করতে বনমন্ত্রীকে বলেছেন মুখ্যমন্ত্রী।

সরুসজাই থেকে পালিয়ে গেল তিন পরে পুলিশের জালে, চিন্তায় হিমন্ত

অরিন্দম রায়

গুয়াহাটি, ২০ মে : দৈনিক করোনা আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় চাপ তো আছেই, তার উপর প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন থেকে একের পর এক যুবকের পালিয়ে যাওয়ার ঘটনায় নতুন করে সমস্যার মুখে পড়তে হয়েছে স্বাস্থ্য বিভাগকে। তবে ভাল খবর এটাই যে যাঁরা কোয়ারেন্টিন শিবির থেকে পালিয়ে গিয়েছিলেন, তাঁদের অধিকাংশকেই আটক করতে সক্ষম হয়েছে পুলিশ। বাকিদের সন্ধানেও পুলিশ তৎপর।

করোনা সন্দেহে সোয়াব টেস্ট।

বুধবার স্বাস্থ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা জানান, করোনায় আক্রান্ত অবস্থায় নলবাড়ির হামিদুল আহমেদ, শাহজাহান আলি এবং হোজাইয়ের সাইদুল আলম সরুসজাই কোয়ারেন্টিন থেকে গতকাল পালিয়ে গিয়েছিলেন। স্বাভাবিকভাবেই তাঁদের এধরনের কাজ চাপে ফেলে দিয়েছিল আমাদের। খবর পাওয়া মাত্রই এঁদের সন্ধানে ময়দানে নেমে পড়ে নলবাড়ি-হোজাই পুলিশ।

এরপর ছয়ের পাতায়

মণিপুরে মা-মেয়ে সংক্রমিত, বাড়ছে আক্রান্তের সংখ্যা

ইম্ফল, ২০ মে (সংবাদ সংস্থা) : মণিপুরে আরও দুই মহিলা কোভিড-১৯ আক্রান্ত। মা ও মেয়ে। এ নিয়ে রাজ্যে কোভিড-১৯ আক্রান্তের সংখ্যা ৯ জনে বৃদ্ধি পেয়েছে। এর মধ্যে দু'জন সুস্থ হয়ে বাড়ি চলে গেছেন। বর্তমানে ৭ জনের চিকিৎসা চলছে।

সরকারি সূত্রের খবর, গত ১৬ মে তাঁরা দিল্লি থেকে রাজ্যে ফিরেছিলেন। এঁরা দু'জনেই কামজং জেলার বাসিন্দা। মায়ের বয়স ৬৪ এবং মেয়ের ২৩। উভয়কে ইম্ফলের দ্য রিজিওনাল ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স (রিমস)-এর কোভিড-১৯ কেয়ার সেন্টারে ভর্তি করা হয়েছে।

এখানে উল্লেখ করা যেতে পারে, ১২ এপ্রিল উত্তরপূর্বের প্রথম আক্রান্ত লন্ডন ফেরত মণিপুরের চিকিৎসক-যুবতীকে (২৩) সম্পূর্ণ সুস্থ বলে বাড়ি পাঠিয়েছিল মেডিক্যাল বোর্ড। এরপর ১৯ এপ্রিল এক সপ্তাহের মাথায় দ্বিতীয় তথা শেষ রোগী (৬৫)-কে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়েছিল রিজিওনাল ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স-এর কোভিড-১৯ কেয়ার সেন্টার থেকে। এরপর কিছুদিন বিরতির পর ১৬ মে রাজ্যে আগত কলকাতায় কর্মরত জনৈক নার্সের

এরপর ছয়ের পাতায়

চেয়ারে হর্ষবর্ধন

ওয়াশিংটন, ২০ মে : বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা হু-র এগজিকিউটিভ বোর্ড-এর চেয়ারম্যান পদে বসতে চলেছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ডাঃ হর্ষবর্ধন। ২২ মে থেকে এই গুরুত্বপূর্ণ পদের দায়িত্ব তিনি নেবেন বলে সূত্রের খবর। বর্তমানে এই পদে রয়েছেন জাপানের ডাঃ হিরোকি নাকাতানি।

নাকাতানির পর বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৩৪ সদস্যের এগজিকিউটিভ বোর্ডের চেয়ারম্যান হচ্ছেন হর্ষবর্ধন। আগামী ৭টি প্রতিনিধিকে এই পদে অভিষিক্ত করার বিষয়ে মঙ্গলবারই স্বাক্ষর করে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ১৯৪টি সদস্য রাষ্ট্র। এখন এগজিকিউটিভ বোর্ডের চেয়ারম্যান পদে হর্ষবর্ধনের দায়িত্ব নেওয়া শুধুমাত্র আনুষ্ঠানিকভাবে বাকি রয়েছে।

এই মে মাস থেকে শুরু হওয়া

এরপর ছয়ের পাতায়

২৫ থেকে অভ্যন্তরীণ বিমান পরিষেবা

নয়াদিল্লি, ২০ মে : লকডাউনের চতুর্থ দফার মাঝেই আগামী ২৫ মে থেকেই চালু হতে চলেছে অন্তর্দেশীয় বিমান পরিষেবা। অর্থাৎ লকডাউনের মধ্যেই বিমান পরিষেবা চালুর সিদ্ধান্ত নিয়ে ফেলল অসামরিক বিমান পরিবহন মন্ত্রক।

বুধবার অসামরিক বিমান পরিবহন মন্ত্রী হরদীপ সিং পুরী টুইটারে জানান, সমস্ত নিয়মকানুন মেনেই দেশের ভিতরে বিমান পরিষেবা চালু করা হবে। প্রত্যেকটি বিমানবন্দরকে জানিয়ে দেওয়া হয়েছে, তারা যেন ২৫ মে পরিষেবা চালুর জন্য প্রস্তুত থাকে। যাত্রীদের সফরের

এরপর ছয়ের পাতায়

১ জুন থেকে দৈনিক ২০০ ট্রেন

নয়াদিল্লি, ২০ মে : ১ জুন থেকে দৈনিক ২০০টি অ-শীতাতপ নিয়ন্ত্রিত ট্রেন চালানোর ঘোষণা করল ভারতীয় রেল। মঙ্গলবার একথা জানিয়ে দিয়েছে রেল। নতুন নিয়ম অনুসারে, এই ট্রেনগুলির জন্য সাত দিন আগেই টিকিট বুক করা যাবে। তবে কবে

এরপর ছয়ের পাতায়

হাইলাকান্দিতে পরিযায়ী শ্রমিকের ঢল শঙ্কার প্রহরে বাড়ছে সংক্রমণের ঝুঁকি

অন্ধ্রপ্রদেশ থেকে ফিরলেন ১১৯, আজ আসছেন আরও ১০

নিজস্ব সংবাদদাতা, হাইলাকান্দি, ২০ মে : রাজ্যে কোভিড মিটারের কাঁটা চড়ছে ততরতরিয়ে। এমন পরিস্থিতিতে হাইলাকান্দিতে পরিযায়ী শ্রমিকের ঢল আশঙ্কার মাত্রা বাড়িয়ে দিয়েছে কয়েকগুণ। বুধবার অন্ধ্রপ্রদেশের বিজয়ওয়াড়া-জিরিবাম শ্রমিক স্পেশাল ট্রেনে (৭২২৯) হাইলাকান্দি ফিরেছেন ১১৯ জন। বৃহস্পতিবার আসছেন আরও ১০।

সব মিলে চিত্রটা হচ্ছে পর্যায়ক্রমে বহিঃরাজ্য থেকে পরিযায়ী শ্রমিকদের আগমন ঘটছে জেলায়। মঙ্গলবার ১৪ জন শ্রমিক হায়দরাবাদ থেকে হাইলাকান্দি পৌঁছালে এদের সবাইকে আলগাপুর এএল চৌধুরী কলেজে ১৪ দিনের কোয়ারেন্টিনে রাখা হয়েছে। অনুরূপভাবে বুধবারও ১১৯ জনকে মনাছড়া জওহর নবোদয় বিদ্যালয়ে এবং লালা পি কে গার্লস হাইস্কুলের গার্লস হোস্টেলে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন করা হয়েছে।

এদিন সকালে শ্রমিক স্পেশাল ট্রেনে বদরপুর পৌঁছার পর সবাইকে

এরপর ছয়ের পাতায়

বাংলাদেশে আটকদের ফেরানোর প্রস্তুতি সম্পূর্ণ করিমগঞ্জে, অপেক্ষা কেন্দ্রের নির্দেশের

তনুজ ধর

করিমগঞ্জ, ২০ মে : 'বন্দে ভারত' মিশনের অধীনে বিদেশে আটকে পড়া ভারতীয়দের ফেরানোর প্রক্রিয়া আরম্ভ হয়েছিল এই মাসের প্রথম সপ্তাহ থেকে। দু'দিন আগে বাংলাদেশের ঢাকা থেকে কলকাতার উড়ানে প্রথম দফায় ফিরেছেন ১৬৯ জন যাত্রী। এবার শেখ হাসিনার দেশের সিলেট ও পার্শ্ববর্তী অঞ্চল থেকে ভারতীয়দের ফেরার জন্য ব্যবস্থা হচ্ছে করিমগঞ্জের সুতারকান্দি সীমান্তে।

সুতারকান্দিতে অভিবাসন

এরপর ছয়ের পাতায়

বাংলাদেশ থেকে যারা ফেরত আসবেন তাদের স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা সুতারকান্দি আন্তর্জাতিক বাণিজ্য কেন্দ্রের গুদামে। ছবি : সব্যসাচী রায়।

ধোঁয়াশায় ম্রিয়মাণ জুবেদার আকাশে মুক্তির গান লিখেছে সিজেপি

কুন্তল চক্রবর্তী

গুয়াহাটি, ২০ মে : নামেই ডিটেনশন ক্যাম্প, আসলে তো জেল। তার একচিলতে কুঠুরিতে কেটেছে এক-একটি বছর। জীবন ঘিরে শুধুই হাহাকার আর হাহাকার। হঠাৎ একদিন শুনলেন তাঁর মুক্তির আদেশ। পাঁচ-পাঁচটা বছর ডিটেনশন ক্যাম্পে কাটিয়ে তিনি আটচল্লিশের জুবেদা খাতুন বেরিয়ে এলেন খোলা আকাশের নিচে। সৌজন্যে সিটিজেনস ফর জাস্টিস অ্যান্ড পিস-এর একদল দামাল যুবকের ক্লান্তিহীন প্রয়াস। জীবদ্দশায় আর কখনও ডি-ক্যাম্প থেকে বেরনোর আশা ছেড়ে দেওয়া জুবেদা ভাবতেই পারেননি, তাঁর জন্যও কেউ থাকতে পারেন। পাঁচ বছরের বন্দি জীবনে ঘরের কেউ কখনও জুবেদার সঙ্গে দেখা করতে যাননি। ডিটেনশন ক্যাম্পে ঢুকেছিলেন, বছর আটেকের ছেলে আসিকুল ইসলামকে পেছনে রেখে। বছরের পর বছরে ছেলের মুখটাও দেখতে পাননি জুবেদা।

জুবেদা খাতুন

ক্ষতবিক্ষত এমন একটা জীবন আবার নতুন করে বাঁচার রসদ পেলে সত্যিই তো অদ্ভুত ঠেকে। এই অবস্থাই হয়েছিল জুবেদার। সিজেপি-র স্বেচ্ছাসেবকদের বারবার জিজ্ঞেস করেছেন, 'আপনারা কারা। কেনই বা আমাকে এতটা সাহায্য করলেন।' আবার সব জানার পর বলেছেন, 'জানি না কেন আপনারা আমাকে বন্দিত্ব থেকে মুক্তি দিতে সাহায্যের হাত বাড়িয়েছেন। তবে এখন থেকে প্রতিবার নামাজে আপনাদের জন্য দোয়া করব।'

জুবেদার হঠাৎ একদিন 'বিদেশি' চিহ্নিত হয়ে ডিটেনশন ক্যাম্পে চলে যাওয়ার ঘটনা আরেকবার দেখিয়ে দিল, বিয়ের সূত্রে অন্যত্র চলে যাওয়া মহিলাদের, বিশেষত আর্থ-সামাজিক দিক থেকে ভয়াবহভাবে অনগ্রসর মহিলাদের কীভাবে দুর্দশার মুখে পড়তে হয়। সিজেপি-র 'আসাম টিম'-এর প্রধান মুখ জমশেদ আলির কথায়, 'বিয়ের পর এক জায়গা থেকে অন্যত্র চলে যাওয়ার দরুন পরে নথিপত্রের সমস্যায় পড়েন মহিলারা। অসমে ঠিক এই কারণে অসংখ্য মহিলা এনআরসি থেকে বাদ পড়েছেন।'

এরপর ছয়ের পাতায়